যুগান্তর

তারিখ … পৃষ্ঠা … কলাম …

MAR 30 2002

# নিয়ম বহির্ভূতভাবে ছাত্র ভর্তি পাবনা পলিটেকনিকের পরিবেশ বিঘ্নিত

পাবনা প্রতিনিধি

পাবনা পলিটেকনিক ইন্সটিটিউটে নিয়ম বহির্ভূতভাবে ভর্তিকৃত অতিরিক্ত ছাত্রদের উচ্ছৃঙ্খলতায় শিক্ষার পরিবেশ বিনষ্ট হতে চলেছে।

ইন্সটিটিউট সূত্রে জানা যায়, ২০০১-২০০২ শিক্ষা সেশনে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পাবনা পলিটেকনিক ইন্সটিটিউটের প্রথম পর্বের ক্লাস ৪ ফেব্রুয়ারি শুরু হয়েছে। বোর্ডের নিয়ম অনুযায়ী ইন্সটিটিউটে ৪টি বিভাগে ২২০টি আসনে ছাত্র ভর্তি হয়। কিন্তু বিধি বহির্ভূতভাবে ছাত্রদলের কয়েকজন নেতা জোরপূর্বক অধ্যক্ষকে জিম্মি করে অতিরিক্ত আরও ৩৭ জন ছাত্রকে ভর্তি করায়। খোঁজ নিয়ে জানা গেছে, ৩৭ জন ছাত্রের মধ্যে একটি অংশ ভর্তি পরীক্ষায় অংশ নেয়নি অপর গ্রুপটি অংশ নিলেও উত্তীর্ণ মানের নম্বরও পায়নি।

বোর্ডের নিয়ম ও শিক্ষা ফ্যাসিলিটি অনুযায়ী ২২০ জনের ওপরে ক্লাস নেয়ার কোন সুযোগ নেই। বোর্ড কর্তৃপক্ষ এই অবৈধ উপায়ে ভর্তিকৃত ৩৭ ছাত্রের রেজিস্ট্রেশন দেবে না বলে ইন্সটিটিউটকে জানিয়ে দিয়েছে।